গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
ত্রাণ ও পুনর্বাসন শাখা
www.munshiganj.gov.bd

**স্মারক নম্বর:** ০৫.৩০.৫৯০০.০০০.৪২.০০১.২৪.১১৩

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১২ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় (৪র্থ পর্যায়) নির্বাচনী এলাকাভিত্তিক বরাদ্দের বিপরীতে সিরাজদিখান উপজেলায় গৃহীত প্রকল্পের অনুকূলে নগদ অর্থ উপবরাদ্দ প্রদান**

সূত্র: ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পত্র নং- ৫১.০১.০০০০.০১১.১৪.০০৭.২৩.১৩৭, তারিখ: ২০/০৫/২০২৪
২।উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সিরাজদিখান এর পত্র নং ৫১.০১.৫৯৭৪.০০০.৪১.৩১৮.২০২৩.৭৭২,তারিখ: ১১/০৬/২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ০১ নং পত্রের প্রেক্ষিতে ২০২৩-২০২৪ অর্থবছরে**গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির (৪র্থ পর্যায়) এর আওতায় মুন্সীগঞ্জ-০১** নির্বাচনী এলাকার অনুকূলে ৫০,০০,০০০ টাকা বরাদ্দ পাওয়া যায়। সূত্রোক্ত ২ নং পত্রে প্রাপ্ত অবশিষ্ট বরাদ্দের বিপরীতে মাননীয় সংসদ সদস্য কর্তৃক অনুমোদিত নিম্নোক্ত ছকে উল্লিখিত প্রকল্পের পার্শ্বে বর্ণিত পরিমাণ নগদ অর্থ নিম্নলিখিত শর্ত মোতাবেক সিরাজদিখান উপজেলায় উপবরাদ্দ প্রদান করা হলো।

| ক্রম | ইউনিয়ন | ওয়ার্ড নং | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | বালুচর | ০১ | ব্রীজ এর গোড়া হইতে বাতেন ভাইয়ের মসজিদ পর্যন্ত মাটির রাস্তা উন্নয়ন | ২,০০,০০০/- |
| ০২ | বাসাইল | ০৪ | ঘোড়ামারা মদিনানগর জামে মসজিদ হতে আছিয়ার বাড়ী পর্যন্ত মাটির রাস্তা পুন:নির্মাণ | ২,০০,০০০/- |
| ০৩ | ইছাপুরা | ০৭ | শাহীন বেপারীর বাড়ী হতে বাবুল মিয়ার বাড়ী পর্যন্ত মাটি দিয়ে রাস্তা ভরাট | ৩,০০,০০০/- |
| ০৪ | বয়রাগাদী | ০৬ | বয়রাগাদী মসজিদ হতে পাঠান বাড়ী পর্যন্ত মাটির রাস্তা নির্মাণ | ৩,০০,০০০/- |
| ০৫ | চিত্রকোট | ০৪ | মরিচা-বাড়ৈখালী রাস্তা হতে (খোকনের বউয়ের চায়ের দোকান) কালশুর সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন | ২,০০,০০০/- |
| ০৬ | শেখরনগর | ০৩ | পাউসার গ্রামের মেইন রোড হতে হেলাল মিয়ার বাড়ী পর্যন্ত মাটি ভরাট ও ইট সলিংকরণ | ২,০০,০০০/- |
| ০৭ | ইছাপুরা | ০৯ | মেইন রোড সংলগ্ন মোশারফের দোকান হতে রাসেলের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ | ২,০০,০০০/- |
| ০৮ | বালুচর | ০২ | চান্দের চর কামাল মাদবরের বাড়ী হতে মোল্লা বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ | ২,০০,০০০/- |
| ০৯ | রাজনগর | ০৬ | ভাড়ারিয়া কালিমন্দির হতে সামছুল হকের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ | ২,০০,০০০/- |
| ১০ | কেয়াইন | ০৫ | নিমতলা থেকে শেখরনগর রাস্তার নদীর পাড় থেকে মাদবর বাড়ী হয়ে টনিদের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ | ২,০০,০০০/- |
| ১১ | জৈনসার | ০৭ | দক্ষিণ চাইনপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ ভরাট | ৩,০০,০০০/- |
| | | | মোট | ২৫,০০,০০০ (পঁচিশ লক্ষ) টাকা |

**শর্তাবলী:**

০১। ২০২৩-২০২৪ অর্থবছরে ৪র্থ কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন আগামী ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

০২। এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা খাদ্যশস্য/ নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৩। প্রকল্পের অনুকূলে অর্থ/খাদ্যশস্য ছাড় করার পূর্বে আবশ্যিকভাবে প্রি-ওয়ার্ক মেজারমেন্ট গ্রহণ করে প্রাক্কলন ছকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে।

০৪। এ ব্যয় ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট কোড নং ১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১ (অর্থ) খাত হতে নির্বাহ করা হবে।

০৫। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলকভাবে করতে হবে। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে ও ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করে রাখতে হবে যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়। প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।

০৬। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে ।

০৭। প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।

০৮। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষঙ্গিক কাজ সম্পূর্ণ করে কাজ শুরু করতে হবে। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান করতে হবে।

০৯। নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের সাথে পরামর্শক্রমে তালগাছের চারা রোপণের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে।

১০। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত নগদ অর্থ/খাদ্যশস্য ছাড় করতে হবে।

১১। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন অত্রাফিসের ত্রাণ শাখায় এবং চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

১২। নিরীক্ষার জন্য হিসাব/ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।

১৩। উপবরাদ্দ পত্রসহ প্রকল্প তালিকা উপজেলা তথ্য বাতায়নে আপলোড করতে হবে।



১২-০৬-২০২৪
মো: আবুজাফর রিপন, বিপিএএ
জেলা প্রশাসক
০২-৯৯৭৭৩১১০০
dcmunshiganj@mopa.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।

**স্মারক নম্বর:** ০৫.৩০.৫৯০০.০০০.৪২.০০১.২৪.১১৩/১ (৭)

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১২ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;

২। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা;

৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মুন্সীগঞ্জ;

৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিরাজদিখান, মুন্সীগঞ্জ;

৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সিরাজদিখান, মুন্সীগঞ্জ;

৬। প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব ), প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মুন্সীগঞ্জ (উপবরাদ্দ পত্রটি জেলা তথ্য বাতায়নে আপলোডের অনুরোধসহ) এবং

৭। সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিরাজদিখান, মুন্সীগঞ্জ (উপবরাদ্দ পত্রটি উপজেলা তথ্য বাতায়নে আপলোডের অনুরোধসহ)।



১২-০৬-২০২৪
মো: আবুজাফর রিপন, বিপিএএ
জেলা প্রশাসক